



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন

Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone : +88 02 9101508, 48116358, 58156619, Fax : +88 02 9125338
E-mail : btmasg@gmail.com, btma2@yahoo.com, Web : www.btmadhaka.com

বিটিএমএ.বি.এস.১৬৭.৯৪৯

ডিসেম্বর ০৩, ২০২৩

সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক
সকল বাণিজ্যিক ব্যাংক।

বিষয়: বস্ত্রখাতে নগদ সহায়তার জন্য ইস্যুকৃত প্রত্যয়নপত্রে স্বাক্ষর প্রদান প্রসংগে।

প্রিয় মহোদয়,



আপনি অবহিত যে বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ) বস্ত্রখাতে নগদ সহায়তা গ্রহণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের এফ.ই. সার্কুলার-০৯ অনুযায়ী সমিতির সদস্যদের অনুকূলে নগদ সহায়তা প্রাপ্তির লক্ষ্যে Certificate of Production ইস্যু করে আসছে। এ প্রসঙ্গে আপনাকে অবহিত করছি যে, গত নভেম্বর ২৩, ২০২১ তারিখে বিটিএমএ'র পত্রের (সূত্রঃ বিটিএমএ.৬৪৬.২০৯০) মাধ্যমে আপনাকে অবহিত করা হয়েছিল যে বিটিএমএ -এর অতিরিক্ত পরিচালক ও সিইও (ইনচার্জ) জনাব মনসুর আহমেদ সমিতি থেকে বস্ত্রখাতে নগদ সহায়তা গ্রহণের লক্ষ্যে প্রত্যয়নপত্র তথা Certificate of Production-এ স্বাক্ষর করবেন। তদনুযায়ী জনাব মনসুর আহমেদ Certificate of Production-এ স্বাক্ষর করে আসছিলেন।

এ প্রসঙ্গে আপনাকে আরো অবহিত করছি যে সম্প্রতি বিটিএমএ'র পরিচালনা পর্ষদ বিটিএমএ'র Service Rules এবং Organogram অনুমোদন করেছেন। অনুমোদিত Organogram অনুযায়ী বিটিএমএ'র অতিরিক্ত পরিচালক ও সিইও (ইনচার্জ) জনাব মনসুর আহমেদের পদবী পরিবর্তন করে অ্যাডিশনাল সেক্রেটারী জেনারেল করা হয়েছে এবং ইতোমধ্যেই জনাব মনসুর আহমেদকে বিটিএমএ'র অ্যাডিশনাল সেক্রেটারী জেনারেল হিসেবে পদায়ন করা হয়েছে।

এমতাবস্থায় সমিতি হতে বস্ত্রখাতে নগদ সহায়তা গ্রহণের লক্ষ্যে প্রত্যয়নপত্র তথা Certificate of Production -এ জনাব মনসুর আহমেদের নতুন পদবী অন্তর্ভুক্ত করা প্রয়োজন।

উপরোক্ত বর্ণনার আলোকে সমিতির অ্যাডিশনাল সেক্রেটারী জেনারেল জনাব মনসুর আহমেদ তার নতুন পদবী সম্বলিত সিল ব্যবহারের মাধ্যমে বস্ত্রখাতে নগদ সহায়তা গ্রহণের লক্ষ্যে এ সম্পর্কিত Certificate of Production-এ স্বাক্ষর করছেন।

জনাব মনসুর আহমেদ, অ্যাডিশনাল সেক্রেটারী জেনারেল, বিটিএমএ'র নমুনা স্বাক্ষর নিম্নে প্রদান করা হলো:

১। 
২। 

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,



মোহাম্মদ আলী খোকন
প্রেসিডেন্ট